# ২০১৩
# বাংলা
## সপ্তম পত্র
## বিশেষ পত্র - নাট্য সাহিত্য

পূর্ণমান - ৯০ সময় - ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রতিটি পর্ব থেকে ন্যূনতম একটি করে মোট ছ'*টি* প্রশ্নের উত্তর দাও।

### পর্ব - ১

১। 'কুলীনকুলসর্বস্ব' নাটকটিতে কৌলিন্যপ্রথার সূত্রে সামাজিক ব্যাভিচারের যে ছবি ফুটে উঠেছে তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ১৫

*অথবা*

'কুলীনকুলসর্বস্ব' নাটকের নারীচরিত্রগুলি চিত্রণে নাট্যকার কৃতিত্বের পরিচয় দিয়েছেন। এই অভিমতটির যথার্থতা বিচার করো।

২। 'সধবার একাদশী' কী জাতীয় রচনা? ট্রাজেডি, কমেডি, প্রহসন, সমাজচিত্র অথবা অন্যকিছু? তোমার অভিমত যুক্তিসহ প্রতিষ্ঠা করো। ১৫

*অথবা*

'সধবার একাদশী' নাটকটির নামকরণে নাট্যকার দীনবন্ধু মিত্র যথেষ্ট কৃতিত্বের পরিচয় দিয়েছেন। — মন্তব্যটি কতদূর সার্থক বুঝিয়ে বলো।

[ পরপৃষ্ঠায়]

## পর্ব - ২

৩। 'কৃষ্ণকুমারী' নাটকে ট্রাজেডি কার — রাজকন্যা কৃষ্ণকুমারীর না সমগ্র রাজপুত জাতির? — আলোচনা করে বুঝিয়ে দাও।

১৫

*অথবা*

বিলাসবতী-ধনদাস-মদনিকা — 'কৃষ্ণকুমারী' নাটকে কোন্ প্রয়োজন সিদ্ধ করেছে? তোমার অভিমত লিপিবদ্ধ করো।

৫+৫+৫=১৫

৪। 'আলিবাবা' নাটকের ভাঁজে ভাঁজে নৈতিকতার নানাদিক তুলে ধরা হয়েছে। নাট্যকাহিনী বিশ্লেষণে সংশ্লিষ্ট নৈতিকতার বিভিন্ন দিক দৃষ্টান্তসহ নির্ণয় করো। মানুষের জীবনে-সমাজে তা আজও কতটা প্রাসঙ্গিক বুঝিয়ে দাও। ১০+৫=১৫

*অথবা*

'আলিবাবা' নাটকে আবদালা চরিত্রটি অবিচারের শিকার। অভিমতটি সপ্রসঙ্গ বিস্তৃত ব্যাখ্যা করো।

## পর্ব - ৩

৫। 'রথের রশি' নাটিকার সংলাপ বিষয় ও চরিত্রানুযায়ী হয়নি। তুমি এই অভিমত সমর্থন করো? উত্তরের সমর্থনে যুক্তি দাও।

৫+১০=১৫

*অথবা*

'রথের রশি' নাটিকার রূপকার্থ বিশ্লেষণ করো।

৭$\frac{১}{২}$+৭$\frac{১}{২}$=১৫

৬। ‘দেবীগর্জন’ নাটকে গণনাট্য ও লোকনাট্য উভয় ধারার বৈশিষ্ট্য বর্তমান। — বিচার করো। ১৫

অথবা

‘দেবীগর্জন’ নাটকের শেষ দৃশ্যের বিষয়বস্তুর পরিচয় দিয়ে তা কতটা নাট্যোপযোগী হয়েছে বিশ্লেষণ করে দেখাও।

## পর্ব - ৪

৭। আবেগ এবং প্রয়োজনের মুখোমুখি রচিত ‘সিরাজদ্দৌলা’ নাটকটি ঐতিহাসিক না উদ্দেশ্যবাহী? না কি দুই-ই? তোমার উত্তরের সমর্থনে যুক্তি দাও। ১৫

অথবা

‘সিরাজদ্দৌলা’ নাটকের মুখ্য চরিত্র সিরাজের মধ্যে ট্রাজিক-নায়কোচিত অন্তর্দ্বন্দ্ব সৃষ্টিতে নাট্যকার সফল হয়েছেন কিনা তা আলোচনা দ্বারা স্পষ্ট করো।

৮। ‘শিককাবাব’ নাটকটির বক্তব্য বা ব্যঞ্জনা এর নামকরণে সার্থকভাবে প্রতিফলিত হয়েছে কিনা বিচার করো। ৭+৮=১৫

অথবা

‘কোথায় গেল’ এবং ‘অপচয়’ একাংক নাটক দুটির প্রধান সমস্যা আর্থিক অভাব-অসঙ্গতি। নাটক দুটি বিস্তৃতভাবে আলোচনার বিষয়টি পরিস্ফুট করো এবং উত্তরণে কোন্ নাটকটি শিল্পোত্তীর্ণ হয়েছে জানাও। ১২+৩=১৫

---

# ২০১৪
# বাংলা
## সপ্তম পত্র
## বিশেষ পত্র - নাট্য সাহিত্য

পূর্ণমান - ৯০ সময় - ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রতিটি পর্ব থেকে ন্যূনতম একটি করে মোট ছ'টি প্রশ্নের উত্তর দাও।

### পর্ব - ১

১। 'কুলীনকুলসর্বস্ব' নাটকটিতে সংস্কৃত নাটকের প্রভাব নির্ণয় করো। ১৫

অথবা

'কুলীনকুলসর্বস্ব' নাটকটিতে কুলপালক পিতাদের করুণ ও দুরবস্থার চিত্রটি দৃষ্টান্তসহ বিস্তৃতভাবে আলোচনা করো।

২। 'সধবার একাদশী' নাটকে নিমচাঁদ চরিত্র চিত্রণে নাট্যকার দীনবন্ধু মিত্রের কৃতিত্ব নিরূপণ করো। ১৫

অথবা

'সধবার একাদশী' নাটকটিতে কৌতুক রসের যে পরিচয় পাওয়া যায় তা দৃষ্টান্তসহ আলোচনা করো।

[Turn over]

## পর্ব - ২

৩। ঐতিহাসিক নাটক রূপে 'কৃষ্ণকুমারী' কতদূর সার্থক তা বিস্তৃতভাবে আলোচনা করো। ১৫

অথবা

'কৃষ্ণকুমারী' নাটকে প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাব নিরূপণ করো।

৪। অপেরাধর্মী নাটকরূপে 'আলিবাবা'র গুরুত্ব বিচার করো। প্রসঙ্গত 'আলিবাবা'র জনপ্রিয়তার কারণ নির্ণয় করো। ৮+৭=১৫

অথবা

মর্জিনা 'আলিবাবা' নাটকের সবচেয়ে সক্রিয় এবং উজ্জ্বল চরিত্র। এই অভিমতটির যথার্থতা বিচার করো। ১৫

## পর্ব - ৩

৫। 'রথের রশি' নাটিকায় বর্ণিত কবি ও সন্ন্যাসীর ভূমিকা নিরূপণ করো। ১৫

অথবা

কালের যাত্রায় শোষিত-বঞ্চিত, অন্ত্যজ গোত্রের মানুষজনের ক্ষমতায়নের প্রসঙ্গ 'রথের রশি' নাটিকায় কীভাবে উন্মোচিত হয়েছে তা আলোচনা করো।

৬। ‘দেবীগর্জন’ নাটকের নামকরণের যথার্থতা নাট্যকাহিনী বিশ্লেষণ করে জানাও। ১৫

অথবা

‘দেবীগর্জন’ নাটকে পরস্পর বিরোধী ত্রিভুবন এবং প্রভঞ্জনের অবস্থান ও গুরুত্ব বিচার করো।

## পর্ব - ৪

৭। ‘সিরাজদ্দৌলা’ নাটকে পরাধীনতার শৃঙ্খলামোচন, জাতীয়তাবোধ এবং হিন্দু মুসলমান সম্প্রীতির বিষয়টি কীভাবে নাট্যকার তুলে ধরেছেন তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ১৫

অথবা

‘সিরাজদ্দৌলা’ নাটকে আলেয়া ও গোলাম হোসেনের গুরুত্ব নিরূপণ করো।

৮। একাংক নাটক রূপে ‘দেবী’র সার্থকতা যুক্তিনিষ্ঠভাবে বিচার করো। ১৫

অথবা

‘রাজপুরী’-তে একাংকের পরিণতি কতটা শিল্পসম্মত হ’য়েছে? দৃষ্টান্তসহ বিচার করো।

---

# ২০১৫
# বাংলা
## সপ্তম পত্র
## বিশেষ পত্র - নাট্য সাহিত্য

পূর্ণমান-৯০ সময়-৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

**প্রতিটি পর্ব থেকে ন্যূনতম একটি করে মোট ছ'টি প্রশ্নের উত্তর দাও।**

### পর্ব - ১

১। 'কুলীনকুলসর্বস্ব'— নাটকে উনিশ শতকের বাংলাদেশের কোন্ সামাজিক সমস্যা প্রতিফলিত হয়েছে, তা' দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো। ১৫

অথবা

নারী চরিত্রগুলি উপস্থাপনায় রামনারায়ণ তর্করত্ন যে সাফল্যের পরিচয় দিয়েছেন, তা' তাঁর 'কুলীনকুলসর্বস্ব'— নাটকের প্রেক্ষিতে আলোচনা করো।

২। 'সধবার একাদশী'— নাটকের নামকরণের যাথার্থ্য নিরূপন করো। ১৫

অথবা

'সধবার একাদশী'— নাটকটি ট্রাজেডি, কমেডি না ফার্স— কোন্ পর্যায়ভুক্ত তা' যুক্তি দ্বারা প্রতিষ্ঠা করো।

*[Turn over]*

## পর্ব - ২

৩। ট্র্যাজেডি নাটকরূপে 'কৃষ্ণকুমারী' কতদূর সার্থক তা' বিস্তৃতভাবে আলোচনা করো। ১৫

অথবা

'কৃষ্ণকুমারী' নাটকে অনৈতিহাসিক দুটি চরিত্রের ভূমিকা নিরূপণ করো।

৪। উপযুক্ত নাট্যঘটনার দৃষ্টান্ত দিয়ে 'আলিবাবা' নাটকটির কৌতুকরসের স্বরূপ বিশ্লেষণ করো। ১৫

অথবা

'আলিবাবা' নাটকে যে নৈতিক মূল্যবোধের পরিচয় মেলে তা' নাটকটি অবলম্বনে আলোচনা করে দেখাও।

## পর্ব - ৩

৫। রূপক নাটকরূপে 'রথের রশি'— কতটা সার্থক তা' দৃষ্টান্ত সহযোগে পর্যালোচনা করো। ১৫

অথবা

'রথের রশি'—নাটকের ঐশ্বর্য-এর সংলাপ-নাট্যদ্বন্দ্ব ও চরিত্রের মূল্যায়নে এ নাটকের সংলাপ কতখানি সহায়ক তা' দৃষ্টান্ত সহযোগে পর্যালোচনা করো।

৬। ‘দেবীগর্জন’— নাটকে গ্রামীণ পটভূমিতে সামাজিক শোষণের যে রূপটি প্রতিভাত, তার স্বরূপ নির্ধারণ করো। ১৫

অথবা

“‘দেবীগর্জন’— নাটকে ‘বাদামি’— অত্যন্ত বাস্তব ও সক্রিয়।” — মন্তব্যটি বিশ্লেষণ করো।

## পর্ব - ৪

৭। ‘সিরাজদ্দৌল্লা’ নাটকে ট্র্যাজেডি কার?— দেশের না ব্যক্তি সিরাজের?— তোমার অভিমতের সমর্থনে যুক্তি দাও। ১৫

অথবা

‘সিরাজদ্দৌল্লা’ নাটকের ঐতিহাসিকত্ব বিচার করো।

৮। একাঙ্ক নাটকরূপে ‘শিককাবাব’-এর সার্থকতা নিরূপণ করো। ১৫

অথবা

‘অপচয়’ নাটকে ‘দেশভাগজনিত কঠিন পরিস্থিতি দুই যুবক-যুবতীর মিলনের অন্তরায় হলেও প্রেমের অঙ্গীকারই এই নাটকে স্বীকৃত সত্য’। — মন্তব্যটি আলোচনা দ্বারা প্রতিষ্ঠা করো।

---

'(D)DR/i M.A./Part-II/BNG-VII(Spl.-Drama)/DODL/16

# ২০১৬

# বাংলা

## সপ্তম পত্র

## বিশেষ পত্র - নাট্যসাহিত্য

ূর্ণমান-৯০ সময়-৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রতিটি পর্ব থেকে ন্যূনতম **একটি** করে মোট **ছ'টি** প্রশ্নের উত্তর দাও।

### পর্ব—১

। সূচনাপর্বের প্রথম বাংলা মৌলিক নাটকরূপে 'কুলীনকুলসর্বস্ব'-এর সাফল্য ও ব্যর্থতাগুলি নিরূপণ করো। ১৫

অথবা

'কুলীনকুলসর্বস্ব'-নাটকটির নামকরণ কতদূর সার্থক হয়েছে তা' আলোচনা করে দৃষ্টান্ত সহযোগে বুঝিয়ে দাও। ১৫

। 'সধবার একাদশী'-নাটকে নিমচাঁদ চরিত্রে মধুসূদনের নাটকের প্রভাব লক্ষ্য করা যায় কি? তোমার উত্তরের সমর্থনে যুক্তি দাও। নিমচাঁদ চরিত্র সৃষ্টিতে দীনবন্ধুর কৃতিত্ব নিরূপণ করো। ৭+৮=১৫

অথবা

'সধবার একাদশী'-নাটকে কৌতুকরসের যে পরিচয় পাওয়া যায় তা' দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো। ১৫

### পর্ব—২

। 'কৃষ্ণকুমারী'-নাটকে প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাব কতদূর কার্যকর হয়েছে, তা নিরূপণ করো। ১৫

অথবা

ঐতিহাসিক নাটকরূপে 'কৃষ্ণকুমারী' কতদূর সার্থক তা' আলোচনা করো।. ১৫

। 'অপেরাধর্মী নাটকরূপে 'আলিবাবা' নাটকের জনপ্রিয়তার কারণগুলি বিশ্লেষণ করো। এই নাটকটি রচনার ক্ষেত্রে ক্ষীরোদ প্রসাদ কীভাবে উদ্বুদ্ধ হয়েছিলেন? ১০+৫=১৫

[Turn over]

অথবা

'আলিবাবা' নাটকটির কেন্দ্রীয় চরিত্র মর্জিনা— অথচ, নামকরণ কর হয়েছে আলিবাবার নামে। মর্জিনা চরিত্র বিশ্লেষণ করে দেখাও যে, মর্জিনা নামে নামকরণ হলেই নাটকের নামকরণ সার্থক হতো। ১০

## পর্ব—৩

৫। 'রথের রশি'— নাটকটি রচনার পূর্ব-ইতিহাস বর্ণনা করে নাটকটির নামকর কতদূর প্রাসঙ্গিক ও সার্থক তা' দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

অথবা

ভারত ইতিহাসের ক্রমপরম্পরিত রূপচ্ছবিটি 'রথের রশি' নাটকে রথ রূপ সমাজ পরিচালনার ক্ষেত্রে কীভাবে উন্মোচিত হয়েছে, তা' বিস্তৃতভাবে আলোচনা করো। ১০

৬। 'দেবীগর্জন'— নাটকে গণনাট্যের ঐতিহ্য কতদূর অনুসৃত হয়েছে ত বিশ্লেষণ করে দেখাও। ১০

অথবা

'দেবীগর্জন'— নাটকে সংযোজিত সঙ্গীতগুলির উপযোগিতা বিচার করে ১০

## পর্ব—৪

৭। স্বাধীনতা আন্দোলনের চূড়ান্ত পর্বে নব্যজাতীয়তাবাদী দৃষ্টিভঙ্গী শচীন্দ্রনা সেনগুপ্তের 'সিরাজদ্দৌল্লা'— নাটকে কাহিনী ও চরিত্র সৃজনের মধ্য দিে প্রতিফলিত হয়েছে তা' সপ্রসঙ্গ ব্যাখ্যা করো। ১০

অথবা

'সিরাজদ্দৌল্লা' নাটকে আলেয়া ও গোলাম হোসেন চরিত্র দু'টির গুরু নিরূপণ করো। ১০

৮। একাঙ্ক নাটকের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে 'দেবী'-র সার্থকতা বিচার করে ৫+১০=১৫

অথবা

'রাজপুরী' নাটকটিকে কি একাঙ্ক নাটক বলা যায়? তোমার উত্তরের সমর্থ যুক্তি দাও। এই নাটকটিকে ট্র্যাজেডি নাটকরূপে চিহ্নিত করা যায় কি? — বিস্তৃত আলোচনা করো। ৭+৮=১৫

# ২০১৭

# বাংলা

## সপ্তম পত্র

## বিশেষ পত্র - নাট্যসাহিত্য

পূর্ণমান : ৯০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রতিটি পর্ব থেকে ন্যূনতম **একটি** করে মোট **ছ'টি** প্রশ্নের উত্তর দাও।

### পর্ব—১

১। উদ্দেশ্যমূলক নাটক হিসাবে কুলীন কুল সর্বস্ব নাটকের মূল্যায়ন করো। ১৫

অথবা

নারী চরিত্রগুলি উপস্থাপনায় রামনারায়ণ তর্করত্ন যে সাফল্যের পরিচয় দিয়েছেন তার কারণ নির্দেশ করে কয়েকটি নারী চরিত্রের পরিচয় দাও।

২। সমকালীন সমাজ জীবনের প্রেক্ষিতে নিমচাঁদ চরিত্র বিশ্লেষণ করো। ১৫

অথবা

সধবার একাদশী নাটকে নামকরণের সার্থকতা আলোচনা করো।

### পর্ব—২

৩। কৃষ্ণকুমারী চরিত্র সৃজনে লেখকের দক্ষতার পরিচয় দাও। ১৫

অথবা

ট্রাজেডি নাটকরূপে কৃষ্ণকুমারী নাটকের সার্থকতা বিচার করো।

৪। আলিবাবা নাটকে সংযোজিত গান এবং সংলাপ কিভাবে সার্থক নাটকীয় মুহূর্ত রচনা করেছে; চরিত্রকে প্রাণ দিয়েছে কয়েকটি উপযুক্ত দৃষ্টান্ত সহযোগে তা বুঝিয়ে দাও। ১৫

*[Turn over]*

অথবা

ফতেমা ও সাকিনা এবং আলিবাবা ও কাশেম চরিত্রদুটির বিপরীতমুখীতা নৈতিক মূল্যবোধের প্রতিষ্ঠায় নাটকটিকে সার্থকতা দিয়েছে — আলোচনা করো।

## পর্ব—৩

৫। 'রথের রশি' নাটকের রূপকার্থ বিশ্লেষণ করো। ১৫

অথবা

রথের রশি নাটকে সংলাপ রচনায় নাট্যকারের কৃতিত্ব পর্যালোচনা করো।

৬। দেবীগর্জন নাটকের নামকরণের সার্থকতা এবং নাটকের শেষ দৃশ্যের গুরুত্ব বিচার করো। ১৫

অথবা

'দেবীগর্জন' নাটকে প্রভঞ্জন ও ত্রিভূবন একই শ্রেণীর প্রতিনিধি হয়েও একই ছাঁদের চরিত্র নয় কেন? — বিশ্লেষণ করো।

## পর্ব—৪

৭। সমগ্র জাতির ট্রাজিক পরিণতির প্রতীক হিসাবে সিরাজ চরিত্রটির সার্থকতা ব্যক্তিত্বের বিকাশ ও চিত্তপরিবর্তনের মধ্য দিয়ে কিভাবে প্রতিষ্ঠিত হয়েছে তা নির্দেশ করো। ১৫

অথবা

ঐতিহাসিক নাটকের লক্ষণগুলি সিরাজদ্দৌলা নাটকে কতখানি বর্তমান তা বিচার করো।

৮। শিককাবাব নাটকের নামকরণে যে ব্যঞ্জনা আছে তা কাহিনীর আলোকে প্রকাশ করো। ১৫

অথবা

'এক সন্ধ্যায়' একাঙ্কটি কোন্ কোন্ দিক থেকে স্বতন্ত্র তা প্রস্ফুটিত করো।

---